

PRESS CLIP

Publication:- Kolkata24X7.com (<https://www.kolkata24x7.com/bengal-chamber-bridging-supplier-of-ppe-and-health-service-unit/>)

Date: - 10th April 2020

Page :- Online

Article on The Bengal Chamber bridging the health care suppliers with health care providers during the COVID-19 pandemic.

স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী এবং চিকিৎসা সরঞ্জাম উৎপাদনকারীদের মধ্যে সেতু গড়ছে বেঙ্গল চেম্বার

By **Bengali Desk**- April 10, 2020



ফাইল ছবি

কলকাতা: লকডাউনে মুশকিল হয়েছে সব ক্ষেত্রেই। এর মধ্যে ছোট, মাঝারি শিল্প প্রবল সমস্যায় পড়েছে। এই সময়ে স্বাস্থ্য পরিষেবা পণ্যের চাহিদা অনেকটা বেড়ে গিয়েছে।

সংক্রমণ ঠেকাতে পার্সোনাল প্রোটেকটিভ ইকুইপমেন্ট (পিপিই)-এর চাহিদাও বেশ বেড়ে গিয়েছে। তাই স্বাস্থ্য পরিষেবা

প্রদানকারীদের সঙ্গে স্বাস্থ্য পরিষেবা পণ্য উৎপাদনকারীদের মধ্যে সেতু গড়ার কাজ করতে এগিয়ে এল বেঙ্গল চেম্বার অফ কমার্স। যাতে চাহিদা এবং যোগানের মধ্যে সমন্বয় বজায় থাকে।

বেঙ্গল চেম্বারের এই উদ্যোগে অংশ নিয়েছে পাঁচটি ক্ষুদ্র ও মাঝারি সংস্থা। যারা হাসপাতালে চিকিৎসা পণ্য সরবরাহের কাজে নথিভুক্ত এবং অভিজ্ঞ। তারা হল: অ্যাডসান এন্টারপ্রাইজ, ইভা ডিসপোজেবল গ্লাভস, উদ্যোগী ইন্টারন্যাশনাল প্রাইভেট লিমিটেড, ইন্টারন্যাশনাল এক্সপোর্ট হাউজ এবং ট্রেন্ট ট্রেডিং কর্পোরেশন। এছাড়া আটটি বেসরকারি সংস্থা ইতিমধ্যে বেঙ্গল চেম্বারের সঙ্গে এ ব্যাপারে যোগাযোগ করেছে।

এর বাইরে বিভিন্ন হাসপাতাল যে চিকিৎসা সরঞ্জামের ব্যাপারে খোঁজ করছে এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পসংস্থা সরবরাহ করবে বলে সিদ্ধান্ত হয়েছে, সেগুলি হল এন৯৫ মাস্ক, ডিসপোজেবল মাস্ক, ডিসপোজেবল গ্লাভস, স্যানিটাইজার, কোভিড-১৯ র্যাপিড টেস্ট কিট, সার্জিক্যাল ফেস মাস্ক, ডিসপোজেবল চশমা, জুতো ঢাকার জিনিস, ডিসপোজেবল গাউন, এইচএমএইচডিপিই ড্রাম, ডায়ালিসিস জলের জার, বোতল, খাবার রাখার প্লাস্টিকের পাত্র।

বেঙ্গল চেম্বারের প্রাক্তন সভাপতি এবং স্বাস্থ্য বিষয়ক কমিটির মেন্টর ডাঃ অলোক রায় বলেন, “আমরা বড় কঠিন একটা সময়ের মধ্যে দিয়ে যাচ্ছি। এই সময়ে মানুষের উপকার করার জন্য আমাদের প্রতিষ্ঠান বেশ কিছু উদ্যোগ নিয়েছে। এই মহামারি মোকাবিলায় আমরা তৎপর। ক্ষুদ্র, ছোট শিল্প সংস্থাগুলির সঙ্গে আমরা নিয়মিত যোগাযোগ রেখে চলেছি। লকডাউনে তারা রীতিমতো সমস্যায় পড়েছে। স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীদের সঙ্গে চিকিৎসা সরঞ্জাম উৎপাদনকারীদের মধ্যে যোগাযোগ বজায় রাখার চেষ্টা করে যাচ্ছি। এখন এটার খুব দরকার।”